



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/27/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ব্লেক জি. ওয়াশিংটনকে বাজেট পরিচালক হিসেবে নিয়োগদান করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ব্লেক জি ওয়াশিংটনকে নিউ ইয়র্ক স্টেটের বাজেট পরিচালক হিসেবে নিয়োগদানের ঘোষণা করলেন। মিস্টার ওয়াশিংটন এই গ্রীষ্মে তার মেয়াদ শুরু করবেন।

“আমাদের স্টেটের ভবিষ্যতের জন্য এই সংকটময় সময়ে, আমি ব্লেক ওয়াশিংটনকে আমার দলে রাখার অপেক্ষায় আছি কারণ আমরা অন্য একটি বাজেট তৈরি করার জন্য কাজ করছি যা সকল নিউ ইয়র্কবাসীর চাহিদা পূরণ করে,” **গভর্নর হোকল বলেন।** “বছরের পর বছর ধরে জনসেবা এবং বাজেট প্রক্রিয়া সম্পর্কে গভীর জ্ঞানের সাথে, ব্লেক বাজেট বিভাগের নেতৃত্ব গ্রহণের জন্য নিখুঁত নেতা। আমি এই বছর আমার বন্ধু বব মেগনার অসাধারণ কাজ এবং খাষি পরামর্শের জন্য কৃতজ্ঞ এবং রকফেলার ইনস্টিটিউট অভ গভর্নমেন্টে তার অব্যাহত নেতৃত্ব দেখার অপেক্ষায় রয়েছি।”

ব্লেক জি ওয়াশিংটন বর্তমানে নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ওয়েজ অ্যান্ড মিন্স কমিটির (New York State Assembly Ways and Means Committee) সেক্রেটারি হিসাবে দায়িত্ব পালন করছেন, যেখানে তিনি স্পিকার এবং অ্যাসেম্বলির সদস্যদের সকল বাজেট এবং আর্থিক বিষয়ে পরামর্শ দেন। মিস্টার ওয়াশিংটন 2002 সাল থেকে অ্যাসেম্বলি ওয়েজ অ্যান্ড মিন্স কমিটির জন্য কাজ করেছেন, পূর্বে বাজেট স্টাডিজের পরিচালক, বাজেট স্টাডিজের উপ-পরিচালক এবং আইনসভা বাজেট বিশ্লেষক হিসাবে দায়িত্ব পালন করেছেন।

মিস্টার ওয়াশিংটন সুলিভান কাউন্টি প্রবেশন বিভাগে (Sullivan County Probation Department) প্রবেশন অফিসার হিসাবে তার কর্মজীবন শুরু করেছিলেন এবং আলবানি বিশ্ববিদ্যালয় (University at Albany, UAlbany) থেকে স্নাতকোত্তর এবং স্নাতক ডিগ্রি উভয়ই অর্জন করেছিলেন। তিনি তার স্ত্রী ও কন্যার সাথে রাজধানী অঞ্চলে বাস করেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418